

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.১৯.২৬১

তারিখ: ৮ আশ্বিন ১৪২৬

২৩ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: সরকারিকরণকৃত কলেজসমূহের গ্রন্থাগার পেপশাজীবীগণকে সরকারি চাকুরি আত্মীকরণের ক্ষেত্রে পূর্ব নজির / প্রমাণক কাগজপত্রাদি প্রেরণ।

সূত্র: অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.০৭.০০১.১৬(অংশ)-২১৭, তারিখ: ০৫-০৯-২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারিকরণকৃত কলেজসমূহের গ্রন্থাগার পেপশাজীবীগণকে সরকারি চাকুরি আত্মীকরণের ক্ষেত্রে গ্রন্থাগারিক এবং গ্রন্থাগারিক কাম ক্যাটালগার পদের বেতন গ্রেড পুন: নির্ধারণের সুবিধার্থে চাহিত তথ্যাদি ও প্রমাণকসহ মতামত সম্বলিত স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চাহিত তথ্যাদি:

ক) গ্রন্থাগারিক এবং সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগার পদে আত্মীকৃত কর্মরত জনবলের বিবরণ;

খ) গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগার পদে আত্মীকৃত হওয়ার পূর্বে প্রথম নিয়োগের সময়ে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা;

গ) গ্রন্থাগার ও সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগার পদে আত্মীকৃত হওয়ার পূর্বে কর্মরত পদের বেতন গ্রেড ও মূল বেতনের স্বপক্ষে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তক সত্যায়নসহ প্রমাণক;

ঘ) গ্রন্থাগার এবং সহকারী গ্রন্থাগার-কাম-ক্যাটালগার পদে কর্মরত আছে এমন আত্মীকৃত কলেজের নিম্নের ক্যাটাগরি অনুযায়ী শ্রেণিবিন্যাস উল্লেখপূর্বক উহার স্বপক্ষে উপযুক্ত সত্যায়নসহ প্রমাণক;

১. উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ)
২. উচ্চ মাধ্যমিক কলেজ (১১-১২শ)
৩. ডিগ্রী/স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ)
৪. স্নাতক (সম্মান) কলেজ)

ঙ) ছাত্র-ছাত্রীর সংখ্যা, পাঠাগারের প্রতিষ্ঠাকাল, বইয়ের সংখ্যা এবং পাঠক সংখ্যা সম্বলিত তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নসহ (উপযুক্ত প্রমাণক) প্রদান;

চ) অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক গ্রন্থাগারিক এবং সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগার পদের বেতন গ্রেড ভেটিং/নির্ধারণ করার পূর্ব নজির/প্রমাণক সংক্রান্ত কাগজপত্র।



২৩-৯-২০১৯

মুকেশ চন্দ্র বিশ্বাস  
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক


মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.১৯.২৬১/১(৫)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৬  
২৩ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৩-৯-২০১৯

মুকেশ চন্দ্র বিশ্বাস  
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)